

ব্রিটিশ কাউন্সিল সীমিত পরিসরে চালু হয়েছে ॥ শীঘ্রই ক্লাস শুরু

স্টাফ রিপোর্টার ॥ ইরাক যুদ্ধ পরিস্থিতিতে বন্ধ ঘোষিত ব্রিটিশ কাউন্সিল সীমিত পরিসরে আবার চালু হয়েছে। শীঘ্রই ঢাকা, চট্টগ্রাম ও রাজশাহীতে লাইব্রেরী ও ক্লাস চালু করা হবে।
সূত্র জানিয়েছে, ইরাক যুদ্ধের ফলে সৃষ্ট উত্তেজনা থিতুয়ে
(১১-পৃষ্ঠা ২-এর কঃ দেখুন)

ব্রিটিশ কাউন্সিল (১২-এর পাতার পর)

আসতে শুরু করায় কর্তৃপক্ষ ব্রিটিশ কাউন্সিল লাইব্রেরী ও ক্লাস সহসা চালুর উদ্যোগ নিয়েছে। প্রাথমিক প্রস্তুতি হিসাবে ঢাকা, চট্টগ্রাম ও রাজশাহীতে অবস্থিত ব্রিটিশ কাউন্সিলের ফ্রন্ট ডেস্ক চালু রয়েছে। তিনটি স্থানেই কড়া পুলিশ প্রহরা রয়েছে।

ইরাকে ইস-মার্কিন হামলার পর ঢাকায় জোরালো প্রতিবাদ-বিক্ষোভ শুরু হওয়ায় নিরাপত্তাজনিত কারণে ব্রিটিশ কাউন্সিল বন্ধ করে দেয়া হয়েছিল। সূত্র জানিয়েছে, কর্মকর্তাদের অনেকে নিয়মিত অফিস করলেও লাইব্রেরী এবং ইংরেজীর বিভিন্ন কোর্সের ক্লাস বন্ধ রাখা হয়েছে। বন্ধ থাকার সময় জরুরী সার্ভিসের জন্য বিকল্প ব্যবস্থা নিয়েছে কর্তৃপক্ষ। নির্দিষ্ট নম্বরে টেলিফোন করার পর 'ব্রিটিশ কাউন্সিল বন্ধ' থাকার খবর দেয়ার পাশাপাশি জরুরী প্রয়োজন মেটাতে ২/৩টি মোবাইল ফোনের নম্বর জানিয়ে দেয়া হচ্ছে। এসব মোবাইলে যোগাযোগের পর সংশ্লিষ্ট দায়িত্বশীল ব্যক্তির প্রয়োজনীয় পরামর্শ ও বিকল্প উপায়ে সার্ভিস প্রদানের ব্যবস্থা করছেন।

সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ফুলার রোডে অবস্থিত ব্রিটিশ কাউন্সিলে গিয়ে দেখা যায়, ব্রিটিশ কাউন্সিলের প্রধান ফটক বন্ধ রাখা হয়েছে। তবে ফটকসঙ্গে ফ্রন্ট ডেস্কে অবস্থান করছিলেন একাধিক কর্মকর্তা। অনেকেই বিভিন্ন ধরনের সার্ভিসের জন্য সেখানে আসতে শুরু করেছেন। কর্মকর্তাদের তাৎক্ষণিক জরুরী সার্ভিস ও পরামর্শ দিতে দেখা গেছে।

সূত্র জানায়, বন্ধ ঘোষণা করা হলেও ব্রিটিশ কাউন্সিলের আওতাধীন বিভিন্ন পরীক্ষা অনুষ্ঠান, 'ও' লেভেল ও 'এ' লেভেল পরীক্ষার্থীদের প্রস্তুতিমূলক বিভিন্ন কাজ ও পরীক্ষার প্রবেশপত্র প্রদানসহ অভ্যন্তরীণ কাজ অব্যাহত ছিল। আগামী মে মাসে অনুষ্ঠিত পরীক্ষার প্রবেশপত্র প্রদান শুরু হয়েছে। সোমবার যারা ব্রিটিশ কাউন্সিলে গিয়েছেন, তাঁদের বেশিরভাগই গেছেন প্রবেশপত্রের খোঁজে। তাঁদের জানানো হয়েছে, পরীক্ষার্থীদের ঠিকানায় কুরিয়ার সার্ভিসের মাধ্যমে প্রবেশপত্র পাঠানো হচ্ছে।